



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩০

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০১ ভাদ্র (১৬ আগস্ট):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা আজ (১৬ আগস্ট) মঙ্গলবার বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি সভায় সভাপতিত্ব করেন।

সমন্বয় সভায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে, রাজশাহী বিভাগে কোভিড সংক্রমণ কিছুটা নিম্নমুখী হয়েছে। ডেঙ্গুতে এ বিভাগে ৮ জন আক্রান্ত হলেও কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। মাক্দি পত্র সন্দেহে নাটোরের দুজন ব্যক্তিকে পরীক্ষা করে নিশ্চিত হওয়া গেছে যে তারা মাক্দি পক্ষে আক্রান্ত নয়।

চলতি মৌসুমে রাজশাহী বিভাগে ২ লক্ষ ৭৩ হাজার মেট্রিক টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ২ লক্ষ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে বলে খাদ্য বিভাগ জানিয়েছে। এ বিভাগের পক্ষ থেকে আরো জানানো হয় আগামী ১ সেপ্টেম্বর থেকে সরকারের খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ১৫ টাকা দরে চাল বিক্রি শুরু হবে। এ কর্মসূচির আওতায় রাজশাহী বিভাগে ৭ লক্ষ ৭৬ হাজার জন মাসিক ৩০ কেজি করে চাল কিনতে পারবে। এর আগে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে উপকারভোগীদের তথ্যের সঠিকতা যাচাই করা হবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে, এ বিভাগে এমওপি সার সরবরাহে কিছুটা বিঘ্ন ঘটছে। নানা হাত বদলের কারণে কৃষককে এ সার কিনতে অতিরিক্ত মূল্যও প্রদান করতে হচ্ছে।

ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর থেকে জানানো হয়েছে পরিবহন ব্যয় বৃদ্ধির অজুহাতে সিলিভার গ্যাস সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি টাকায় বিক্রয় করা হচ্ছে।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, সার সরবরাহ সঠিক রাখতে হবে এবং কৃষকের ন্যায্য মূল্যে সার প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এজন্য যে ডিলার যে ইউনিয়নের জন্য ডিলারশিপ পেয়েছে তাকে সেই ইউনিয়নেই সার বিক্রয় করতে হবে।

বগুড়া থেকে এ অঞ্চলে সিলিভার গ্যাস সরবরাহ করা হয় বলে সরকার নির্ধারিত মূল্যে গ্যাস বিক্রি নিশ্চিতে তিনি বগুড়া জেলা প্রশাসককে বিষয়টি দেখভালের নির্দেশ দেন। এছাড়া অতিরিক্ত মূল্যে গ্যাস বিক্রির ক্ষেত্রে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

রাজশাহী বিভাগের সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় পর্যায়ের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ সভায় অংশগ্রহণ করেন।

.....
তৌহিদ/আতিক/রুহুল/ ২০২২/১৮.৪০ঘ.